**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09–04–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বাড়ী বাড়ী গিয়ে ভোট গ্রহন প্রক্রিয়া আগামীকাল থেকে শুরু হবে ।**

**(২) নির্বাচন কমিশন জানিয়েছে, লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে ১৩টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে মোট ১২১০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ।**

**(৩) বরিষ্ঠ বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ভারত দেখিয়েছে যে লক্ষ্য অর্জন করা অসম্ভব নয় ।**

**(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল বিশ্ব হোমিওপ্যাথি দিবসে নতুন দিল্লির যশোভূমি কনভেনশন সেন্টার দ্বারকায় দুই দিনের হোমিওপ্যাথিক সিম্পোজিয়ামের উদ্বোধন করবেন ।**

*********************************************

**DM :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে বাড়ী বাড়ী গিয়ে ভোট গ্রহন প্রক্রিয়া আগামীকাল থেকে শুরু হবে। ৮৫ বছরের উর্ধ্বে বয়স্ক

ভোটার, শারীরিকভাবে অসুস্থ এবং প্রতিবন্ধী ভোটার যারা বাড়ীতে বসে ভোটদানের আবেদন করেছেন তারা এই সুবিধা নিতে পারবেন বলে জানান পশ্চিম ত্রিপুরা আসনের নির্বাচনী আধিকারিক তথা পশ্চিম জেলার জেলা শাসক ড:বিশাল কুমার। শ্রী কুমার বলেন ১০ ও ১২ই এপ্রিল বাড়ি বাড়ি গিয়ে ভোট নেয়া হবে। বাড়ীতে বসে পোষ্টাল ব্যলটের মাধ্যমে ভোটদানের জন্য আবেদন করেছেন ৫০০০ জন ভোটার।

***************************

**ECI :**

নির্বাচন কমিশন জানিয়েছে, লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে ১৩টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে মোট ১২১০জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। ৮৮টি আসনে মোট ২,৬৩৩টি মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। পরীক্ষা শেষে ১৪২৮টি মনোনয়ন বৈধবলে বিবেচিত হয়। গতকাল ছিল মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন। আগামী ২৬শে এপ্রিল দ্বিতীয় পর্বের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

**************************

**Additional Polling Personnel-Kailashahar :**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে অতিরিক্ত ভোটকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এখানে আজ মোট ১২৪ জন সরকারী কর্মচারী অতিরিক্ত ভোটকর্মী হিসাবে প্রশিক্ষণ নেন। নির্বাচন কমিশনের নির্দেশিকা ও তাদের করনীয় কর্তব্য ও দায়িত্ব সম্পর্কেও অবহিত করা হয়। উল্লেখ্য ভোটগ্রহণের জন্য প্রতিটি পোলিং বুথে পাঁচ

জনের ভোটকর্মী দলের সঙ্গে অতিরিক্ত একজন করে ভোটকর্মী থাকবেন। নির্বাচন কমিশনের নির্দেশ মেনে সেইমতো অতিরিক্ত ভোটকর্মীদের নিয়ুক্তিও দেওয়া হয়েছে। ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা জানান, ভোটের দিনে ওয়েবকাষ্টিং (Webcasting) সহ ভোটার সনাক্তকরণ প্রভৃতির কাজ করবেন অতিরিক্ত ভোটকর্মীরা। তাছাড়া মাইক্রো-অবজারভার ও সেক্টর অফিসারদের সঙ্গে সমন্ধয়ের কাজও করবেন অতিরিক্ত ভোটকমীরা।

*****************************

**Police Observer :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের পুলিশ পর্যবেক্ষক ডঃ জেড অ্যানি বিজয়া আজ উত্তর জেলা সফর করেন। সকালে ধর্মনগরের বাংলাদেশ সীমান্ত পরিদর্শনকালে তিনি কর্তব্যরত বি.এস.এফ আধিকারিক ও জওয়ানদের সঙ্গে কথা বলেন। এরপর তিনি বীর বিক্রম ইন্সটিটিউশনের স্ট্রং রুমটিও পরিদর্শন করেন। তাছাড়া তিনি পানিসাগর মহকুমার বিভিন্ন এলাকা ঘুরে দেখেন।

****************************

**Training on Poll Day Monitoring System :**

কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা শাসক কার্যালয়ে আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ বিকেলে তথ্য-প্রযুক্তির সংগে যুক্ত সরকারী কর্মী, কম্পিউটার অপারেটরদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পোল ডে মনিটরিং সিষ্টেম বা P.D.M.S বিষয়ে এই প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা

নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, জেলা প্রশাসনের বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা প্রমুখ।

*************************

**TECL :**

ত্রিপুরা বিদ্যুৎ নিগমের জেনারেল ম্যানেজার টেকনিক্যাল জানিয়েছেন, কালবৈশাখী এবং বর্ষার সময় রাজ্যের বিদ্যুৎ পরিষেবা যাতে অক্ষুন্ন রাখার জন্য ব্যাপক উদ্যোগ নিয়েছে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড। রাজ্যের সমস্ত অংশের ভোক্তারা যাতে বিরতিহীনভাবে পরিষেবা পেতে পারেন এ জন্য ইতিমধ্যে কাজ শুরু করা হয়েছে। এ ব্যাপারে রাজ্যের সমস্ত ডিভিশন এবং সাবডিভিশন এর আধিকারিক এবং প্রকৌশলীদের নিয়ে বৈঠক করা হয়েছে। ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড এবং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড যৌথভাবে এই সংস্কারের কাজে হাত দিয়েছে। এর জন্য ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম ইতিমধ্যেই ১৬ লক্ষ ৮৮ হাজার টাকার অনুমোদন দিয়েছে। গত ১৬ই ফেব্রুয়ারি থেকে এই সংস্কারে কাজ শুরু করা হয়েছে। তিনি আরো জানান এই মাসের মধ্যেই এই সংস্কারের কাজ শেষ করা হবে।

***************************

**Election Campaign CM :**

মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আজ পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃতি সিং দেববর্মনের সমর্থনে ঋষ্যমুখ বিধানসভার দক্ষিণ সোনাইছড়িতে, জোলাইবাড়ি বিধানসভার জোলাইবাড়ি স্কুল

মাঠে এবং মনু বিধানসভার হরিনা স্কুল মাঠে আয়োজিত নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন। সভাগুলিতে তিনি রাজ্য তথা দেশের উন্নয়নে বিজেপির বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। শ্রনমন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা, বিধায়ক প্রমোদ রিয়াং, মাইলাফ্রু মগ প্রমুখ সভাগুলিতে উপস্থিত ছিলেন।

**********************************

**Mayor, campaign :**

রামনগর বিধানসভার উপ নির্বাচনে বিজেপি দলের মনোনীত প্রার্থী দীপক মজুমদার আজ মেহের কালীবাড়ি থেকে হারাধন সংঘ হয়ে সুপারি বাগান এলাকায় ভোট প্রচার করেন। সঙ্গে ছিলেন স্থানীয় কর্পোরেটর ভাস্বতী দেববর্মা সহ বিজেপি কার্যকর্তারা। লোকসভা আসনে বিজেপি প্রার্থী বিপ্লব দেবের হয়েও প্রচার করেন তিনি।

***************************

**PM, Campaign :**

বরিষ্ঠ বিজেপি নেতা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ভারত দেখিয়েছে যে লক্ষ্য অর্জন করা অসম্ভব নয়। আজ উত্তর প্রদেশের পিলিভীতে এক নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী বলেন, "লক্ষ্য যতই কঠিন হোক না কেন, ভারত যদি তা অর্জন করতে দৃঢ়প্রতিজ্ঞ হয়, তা অবশ্যই অর্জন করবে"। প্রধানমন্ত্রী বলেন কোনো দেশ শক্তিশালী হলে, বিশ্ব সেই দেশের কথা শোনে।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল বিশ্ব হোমিওপ্যাথি দিবসে নতুন দিল্লির যশোভূমি কনভেনশন সেন্টার দ্বারকায় দুই দিনের হোমিওপ্যাথিক সিম্পোজিয়ামের উদ্বোধন করবেন। আয়ুষ মন্ত্রকের তত্ত্বাবধানে সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন হোমিওপ্যাথি, (সিসিআরএইচ) দ্বারা আয়োজিত সিম্পোজিয়ামের বিষয়, "গবেষণার ক্ষমতায়ন, দক্ষতা বৃদ্ধি"। এর লক্ষ্য হল সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতাকে উন্নীত করা এবং হোমিওপ্যাথি গবেষণার জন্য উন্নত কৌশল ব্যবহারের দিকে এগিয়ে যাওয়া।

******************************

**Volleyball-Khowai :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে "চুনাব কা পর্ব দেশ কা গর্ব" এই স্লোগানকে সামনে রেখে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে এক প্রীতি ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় বিএসএফ, জেলা পুলিশ এবং স্হানীয় দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতার সূচনা করেন খোয়াই এর জেলাশাসক চান্দনী চন্দ্রন। তাছাড়া খোয়াই মহকুমা শাসক মেঘা জৈন, মহকুমা পুলিশ আধিকারিক প্রসূন কান্তি মজুমদার সহ পুলিশ প্রশাসন এবং জেলা প্রশাসনের অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। খেলায় স্হানীয় দল চ্যাম্পিয়ান হয়েছে। স্হানীয় দল বিএসএফকে ২-০ সেটে হারিয়ে দেয়। চ্যাম্পিয়ান দলের হাতে ট্রফি তুলে দেন জেলা শাসক চাঁদনী চন্দ্রন।

***************************

**India mancha :**

লোকসভায় পশ্চিম আসনে ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেস প্রার্থী আশিস কুমার সাহা এবং রামনগর বিধানসভার উপনির্বাচনে সিপিআইএম প্রার্থী রতন দাসের সমর্থনে আজ আগরতলার গোলচক্কর চৌমুহনীতে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় সিপিআইএমের পলিটব্যুরো সদস্য তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, ধর্ম নিরপেক্ষ মতাদর্শের উপর ভিত্তি করে সমাজের সব অংশের মানুষের মূল সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করেন। বিধায়ক সুদীপ রায় বর্মণ এক দেশ এক ভোটের বিরোধীতা করে বক্তব্য রাখেন। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কংগ্রেসের পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের প্রার্থী আশিস কুমার সাহা, সিপিআইএম রাজ্য সম্পাদক মণ্ডলীর সদস্য মানিক দে, রামনগর বিধানসভা কেন্দ্রের সিপিআইএম প্রার্থী রতন দাস প্রমুখ।

এদিকে, বাধারঘাটে সর্বধর্ম মিশন ময়দানে ইন্ডিয়া জোটের এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী আশিস কুমার সাহা।

****************************

**Dipak Mazumder :**

রামনগর বিধানসভার উপনির্বাচনে বিজেপির প্রার্থী তথা পুর মেয়র দীপক মজুমদারের সমর্থনে পুর নিগমের ৩৬ নম্বর ওয়ার্ড এলাকায় এক পদযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রামনগর বিধানসভা উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদার সহ অন্যান্য কার্যকর্তারা। পদযাত্রাটি রাজনগর স্কুল প্রাঙ্গণ থেকে

পি.ই.সি ভাট্টা এলাকায় গিয়ে শেষ হয়। শ্রী মজুমদার এলাকার ভোটারদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

***************************

**Congres Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সর্বভারতীয় জাতীয় কংগ্রেসের প্রকাশিত নির্বাচনী ইস্তেহারে উল্লেখিত প্রতিশ্রুতিগুলি বিস্তারিত ব্যাখ্যা করেন। তিনি দাবি করেন এই ইস্তেহারে কৃষক, নারী, যুব সমাজ, শ্রমিক সহ সর্বস্তরের জনগনের কল্যানে এই প্রতিশ্রুতিগুলি সহায়ক হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন কংগ্রেসের এসসি সেলের চেয়ারম্যান রাজেশ লিলোটিয়া, এআইসিসি'র সাধারন সম্পাদিকা জারিতা লাইতফ্লাং, বিধায়ক গোপাল রায়, কংগ্রেস নেতা পীযূষ কান্তি বিশ্বাস প্রমুখ।

*****************************

**Complain BJP & CPIM :**

প্রদেশ বিজেপির মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন নির্বাচনী প্রচারে বিরোধী জোটের নেতৃবৃন্দ পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ সম্পর্কে আপত্তিকর শব্দ ব্যবহার করেছেন। এব্যাপারে শীঘ্রই নির্বাচন কমিশনে অভিযোগ জানানো হবে।

এদিকে, বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী আজ এক চিঠিতে নির্বাচন কমিশনের কাছে অভিযোগ করেন পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃতি দেবী দেববর্মণ গতকাল ফটিকরায়ে এক নির্বাচনী জনসভায় সিপিআইএম দল সম্পর্কে আপত্তিকর

শব্দ ব্যবহার করেছেন। এব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য তিনি নির্বাচন কমিশনের কাছে দাবি জানান।

***************************

**Press Meet at C.P.I (M)-Kailashahar :**

সি,পি,আই(এম) কৈলাশহর মহকুমা কমিটির উদ্যোগে আজ দুপুরে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, দলের জেলা সম্পাদক কৃষ্ণেন্দু চৌধুরী, মহকুমা সম্পাদক বিশ্বরূপ গোস্বামী প্রমুখ। নেতৃবৃন্দ আসন্ন লোকসভা নির্বাচন শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে করার ব্যবস্থা নেবার দাবি করেন।

**************************

**BJP-Kailashahar :**

B.J.P'র উদ্দোগে আজ কৈলাশহরের খাওড়াবিলে এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। এখানে বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের জনমুখী কর্মধারার কথা উল্লেখ করেন। উপস্থিত ছিলেন, দলের কিষান মোর্চার প্রদেশ সভাপতি প্রদীপ বরণ রায়, বি,জে,পি'র জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ,মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত প্রমুখ।

***************************

**Amara Bangali :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ আমরা বাঙালি দলের পক্ষ থেকে নির্বাচনী ইস্তেহার প্রকাশ করা হয়। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে দলের রাজ্য সচিব গৌরাঙ্গ রুদ্র পাল ইস্তেহারে ১১ দফা প্রতিশ্রুতি বিস্তারিত ব্যাখ্যা করেন। তিনি

জানান, লোকসভা নির্বাচনে আমরা বাঙালি দলের প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন পশ্চিম ত্রিপুরা আসনে গৌরীশঙ্কর নন্দী এবং পূর্ব ত্রিপুরা আসনে অর্চনা উরাং।

************************

**BJP-kamalpur :**

কমলপুর নজরুল ভবনে বিজেপি কমলপুর মন্ডল কমিটির উদ্যোগে আজ এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে আসন্ন লোকসভা নির্বাচনে সাংগঠনিক প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, বিজেপি সর্বভারতীয় সাধারণ সম্পাদক রবীন্দ্র রাজু জি, প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক অমিত রক্ষিত, সাধারণ সম্পাদক তাপস মজুমদার, ধলাই জেলা কমিটির সভাপতি পতিরাম ত্রিপুরা।

**************************

**Press meet-Krishak Sabha :**

সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে দেশের কৃষকদের বর্তমান সার্বিক পরিস্থিতি উল্লেখ করে অভিযোগ করেন কৃষি শ্রমিক ও দৈনিক হাজিরার কর্মীদের মজুরি দিন দিন কমছে। কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যূনতম সহায়ক মূল্য ঘোষণা করা হলেও তা কার্যকর করা হচ্ছেনা। তিনি আরো অভিযোগ করেন ২০১৮ সালে রাবার চাষীদের প্রতি কেজি রাবারের দাম ২৩০ টাকা ছিল কিন্তু বর্তমানে তা কমে গিয়ে প্রতি কেজি ১২৪ টাকা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি মতিলাল সরকার প্রমুখ।

*****************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় নিউ প্লে সেন্টার ও ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। তালতলা মাঠে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৩৪৭ রানের বিশাল ব্যবধানে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে। এম্যাচে ব্লাডমাউথের অম্বিকা দেবনাথ অনবদ্য ১২৬ রান করেন। এদিকে মেলাঘরে অনুষ্ঠিত অপর খেলায় নিউ প্লে সেন্টার ৫ উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল  সর্বোচ্চ তাপমাত্রা থাকবে পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন বাইশ ডিগ্রী সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চৌত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

********************************